# BELIEVERS EASTERN CHURCH

পালকীয় পত্র

Nov/ Dec 2023

পিতা,পুত্র এবং পবিত্র আত্মার নামে আমাদের সকল আর্চবিশপ এবং বিশপ, যাজক,ডিকন ফাদার, প্রচারক এবং অর্ডার অফ সিস্টার্স এবং বিশ্বব্যাপী বিলিভার্স ইস্টার্ন চার্চের সকল বিসস্তদিগকে আশীর্বাদ ও শুভেচ্ছা জানাই । আমেন !

খ্রীষ্টতে প্রিয়তমেরা,

আমরা যখন নভেম্বরের শেষের দিকে এগিয়ে যাই এবং ডিসেম্বরকে স্বাগত জানাতে প্রস্তুত হই, তখন এই দুই মাসের তাৎপর্য বিষয়ে আমাদের নিজেদেরকে মনে করিয়ে দেওয়া গুরুত্বপূর্ণ । নভেম্বর নতুন লিটারজিক্যাল বছরের সূত্রপাত বা আরম্ভকে চিহ্নিত করে, এবং ডিসেম্বর হল সেই সময় যখন আমরা লিটারজিক্যাল ক্যালেন্ডারের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনাগুলির মধ্যে একটিকে স্মরণ করি: খ্রীষ্টের জন্ম (জন্মকাল)।

আমি আপনাকে এই আধ্যাত্মিক শৃঙ্খলাগুলির প্রতি বিশ্বস্তভাবে নিজেকে প্রতিশ্রুতিবদ্ধ করতে এবং সেগুলিকে ধারাবাহিকভাবে আপনার জীবনের অংশ করে তোলার জন্য উৎসাহিত করি। এই সমস্ত কিছুর মূল চাবিকাঠি হল, বিশ্বস্তভাবে মন্ডলীর ক্যালেন্ডারকে অনুসরণ করা, যাহা আপনার জন্য অধিক সহজ হবে । ক্যালেন্ডারে আপনার আধ্যাত্মিক জীবন গঠনের জন্য মন্ডলীর দ্বারা উদ্দেশ্যমূলকভাবে সমস্ত উপবাস এবং পর্বগুলির নকশা করা হয়েছে। মন্ডলীর ক্যালেন্ডারটি এমনভাবে সংগঠিত করা হয়েছে যাহা আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের পার্থিব জীবনের গুরুত্বপূর্ণ ঘটনাগুলিকে স্মরণ করার জন্য, ঘোষণার পর্ব দিয়ে শুরু হয়, যেটির প্রধান বৈশিষ্ট হল বড়দিন উদযাপন।

বড়দিন আশা, প্রত্যাশা, শান্তি এবং আনন্দের একটি শক্তিশালী বার্তা বহন করে । ইহা আমাদেরকে ঈশ্বরের প্রেম ও পরিত্রাণের অপরিমেয় কার্য্যকে প্রতিফলিত করতে সাহায্য করে। জন্মের রাতে মেষপালকদের কাছে স্বর্গদূতদের ঘোষণা এই অনুভূতিটিকে নিখুঁতভাবে ধরে রাখে : "তখন দূত তাহাদিগকে কহিলেন, ভয় করিও না, কেননা দেখ, আমি তোমাদিগকে মহানন্দের সুসমাচার জানাইতেছি; সেই আনন্দ সমুদয় লোকেরই হইবে" (সাধু লূক ২:১০-১১)। ঠিক যেমন স্বর্গদূত ঘোষণা করেছিলেন, সেইরূপ এই সংবাদটি আমাদের সকলের জন্য, এবং এটি আমাদের হৃদয়কে আনন্দ এবং আশায় পূর্ণ করে । ঈশ্বর আমাদের মানব ইতিহাসে প্রবেশ করেছেন এবং ইম্মানুয়েল হয়েছেন, ঈশ্বর আমাদের সহিত , যেমন শাস্ত্র বলে "আর সেই বাক্য মাংসে মূর্ত্তিমান হইলেন, এবং আমাদের মধ্যে প্রবাস করিলেন, আর আমরা তাঁহার মহিমা দেখিলাম, যেমন পিতা হইতে আগত একজাতের মহিমা; তিনি অনুগ্রহে ও সত্যে পূর্ণ । (সাধু যোহন ১:১৪) স্বর্গেরদূতেরা,পন্ডিতেরা এবং মেষপালকরা খ্রীষ্টের জন্মের সুসংবাদকে নিজেদের কাছে আবদ্ধ রাখেনি, কিন্তু তারা এই সত্য এবং তাদের অভিজ্ঞতাকে অন্যদের কাছে পৌঁছে দিয়েছিল, যাদের তারা মুখোমুখি হয়েছিল । বড়দিনের এই সময়ে, আনন্দ এবং উদযাপন প্যারিশ, আমাদের গৃহ এবং আমাদের হৃদয়ের প্রাচীর অতিক্রম করে; আমরা যে সমাজের মধ্যে বাস করছি তাদের কাছে প্রসারিত হোক ।

বড়দিন সময় পর্যন্ত, বিশ্বব্যাপী অর্থডক্স খ্রিষ্টীয় বিশ্বাসীরা খ্রীষ্টের জন্ম বা বড়দিনের উপবাস পালন করে - এটি এমন একটি সময়কাল যাহা আমাদেরকে ঈশ্বরের পুত্রের মাংসে মূর্তিমান হওয়া এবং আমাদের মধ্যে একজন হয়ে উঠার দুর্দান্ত অলৌকিক ঘটনার উপর প্রার্থনার সাথে ধ্যান করতে সাহায্য করে । এই উপবাসের সময়ে, আমরা নিজেদেরকে অভ্যন্তরীণ ও বাহ্যিকভাবে প্রস্তুত করি যাহাতে খ্রীষ্ট যেমন আমাদের মতো হয়েছিলেন, আমরাও যেন তাঁহার মতো হতে পারি । এটি আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রতি আমাদের সমর্পনকে পুনর্নবীকরণ করার একটি আমন্ত্রণ - আমাদের জীবনে ভারসাম্য,শান্তি এবং পবিত্রতা পুনরুদ্ধারের একটি সময় ।

প্রায়শই, আমরা উপবাসকে শুধু খাবার থেকে বিরত থাকার মত মনে করি । কিন্তু সাধু যোহন ক্রিসষ্টম আমাদের উপদেশ দিয়েছেন যে "যিনি মনে করেন যে উপবাস শুধুমাত্র খাদ্যকে পরিহার করা, তিনি ভুল বুঝেছেন; সত্যিকারের উপবাস হল মন্দ থেকে দূরে সরে যাওয়া ।"


সুতরাং, আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে যখন আমরা খাদ্য থেকে উপবাস করছি, তখন আমাদেরকে পাপ, পরচর্চা, হিংসা,রাগ থেকেও উপবাস করার জন্য চ্যালেঞ্জ করা হয়

এবং সেইসব জিনিসগুলি যাহা আমরা প্রায়শই আমাদেরকে নিয়ন্ত্রণ করতে অনুমতি দিয়ে থাকি ।

একটি মন্ডলী হিসাবে, আসুন মন্ডলীর ক্যালেন্ডার এবং এর বিভিন্ন উপাদানগুলিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে খ্রীষ্টের এক দেহ হিসাবে জীবন যাপন করার এই সমস্ত সুযোগগুলি ব্যবহার করি৷ এই নতুন লিটারজিক্যাল বছরটি কর্মের জন্য একটি আহ্বান হউক, মন্ডলীর প্রাচীর অতিক্রম করে, প্যারিশদের মিশনে উন্নতি করতে এবং আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মত যেন হয়ে উঠতে পারি !

সর্বশক্তিমান ঈশ্বরের দয়া ও শান্তি চিরকাল আপনাদের সহবর্তী হউক!

খ্রীষ্টেতে আপনাদের আত্মিক পিতা,



এ্যথনেসিয়াস ইয়োহান প্রথম মেট্রোপলিটান                    ২০শে নভেম্বর ২০২৩

